# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 15-03-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গ সহ ৫ রাজ্যের বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা আজ। বিকেলে নতুনদিল্লির বিজ্ঞানভবনে নির্বাচন কমিশনের সাংবাদিক বৈঠক।

২/ কলকাতা ব্রিগেডে প্রধানমন্ত্রীর সভার দিনে গিরিশ পার্কে বিজেপি ও তৃণমূল কংগ্রেসের কর্মীদের সংঘর্ষের ঘটনায় কেন্দ্রীয় বাহিনীকে কেন কাজে লাগানো হয়নি পুলিশ কমিশনারের কাছে সেই রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

৩/ নেপালের গোর্খা জেলায় গত সন্ধ্যায় একই পথ দুর্ঘটনায় কমপক্ষে ৭ ভারতীয় তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে।

৪/প্রাদেশিক স্তরের 'মাই ভারত বাজেট কোয়েস্ট' বিজয়ীদের সঙ্গে আজ মতবিনিময় করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫/ কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক বলেছে, যে সব বাড়িতে পাইপলাইন গ্যাস এবং রান্নার গ্যাস সিলিন্ডার দুটিই রয়েছে, তাদেরকে অবিলম্বে LPG কানেকশন ছেড়ে দিতে হবে।

৬/ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তাঁর দেশ ইরানের খার্গ দ্বীপে ফের হামলা চালাতে পারে। শুক্রবারের পর তেহরান পাল্টা অভিযানের হুঁশিয়ারি দিয়েছে।

৭/ CBSE পশ্চিম এশিয়ায় আগামীকাল থেকে ১০ই এপ্রিল পর্যন্ত দ্বাদশ শ্রেণীর নির্ধারিত পরীক্ষা বাতিল করেছে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ ৫টি রাজ্যের বিধানসভা নির্বাচনের দিনক্ষণ আজই ঘোষণা করা হবে। বিকেল ৪টে তে দিল্লির বিজ্ঞানভবনে এজন্য সাংবাদিক বৈঠক ডেকেছে নির্বাচন কমিশন। উপস্থিত থাকবেন মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমারসহ কমিশনের ফুল বেঞ্চ।

পশ্চিমবঙ্গ ছাড়াও আজ অসম, তামিলনাড়ু, কেরালম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করা হবে ।

২৯৪ আসন বিশিষ্ট পশ্চিমবঙ্গ বিধানসভার মেয়াদ শেষ হবে ৭ই মে।

১২৬ আসন বিশিষ্ট অসম বিধানসভার মেয়াদ শেষ হবে ২০শে মে। কেরালা বিধানসভার মেয়াদ শেষ হবে ২৩শে মে -- সেখানে রয়েছে ১৪০টি আসন। তামিলনাড়ু বিধানসভায় রয়েছে ২৩৪টি আসন, ওই রাজ্যের আইনসভার মেয়াদ শেষ হবে ১০ই মে। ৩০ আসন বিশিষ্ট পুদুচেরি বিধানসভার শেষ হবে ১৫ই জুন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের কলকাতার গিরিশ পার্কে গতকাল বিজেপি ও তৃণমূলের কর্মীদের সংঘর্ষের ঘটনায় পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। ওই ঘটনায় কেন্দ্রীয় বাহিনীকে কেন কাজে লাগানো হয়নি, তাও জানতে চাওয়া হয়েছে।

উল্লেখ্য, ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভায় বিজেপি কর্মীদের যাওয়ার সময় গিরিশ পার্কে সঙ্ঘর্ষে এখনও পর্যন্ত ৯' জনকে গ্রেফতার করা হয়েছে। দু'পক্ষই একে অপরের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছে।

এদিকে, গতকাল সন্ধেয় পশ্চিমবঙ্গের মন্ত্রী শশী পাঁজার বাড়িতে যান ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়। অশান্তির ঘটনায় ৮ পুলিশকর্মী জখম হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। দুজন এখনো হাসপাতলে চিকিৎসাধীন। দু'পক্ষের বেশ কয়েকজন কর্মী সমর্থকও আহত হয়েছেন। বিজেপির উত্তর কলকাতা জেলার সভাপতি তমোঘ্ন ঘোষ ইটের ঘায়ে আহত হয়ে হাসপাতালে ভর্তি। চোট লাগে মন্ত্রী শশী পাঁজার'ও।

এদিকে দলীয় কর্মীদের গ্রেফতারের প্রতিবাদে গতরাতে সজল ঘোষের নেতৃত্বে বরানগর থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি। ব্রিগেডমুখী বাসে হামলার তীব্র নিন্দা করেছে বিজেপি। দলের প্রাক্তন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, রাজ্যের মন্ত্রীর নির্দেশেই তাঁর ঘনিষ্ঠরা এই হামলার সঙ্গে জড়িত। ব্রিগেডে মানুষের ঢল দেখে আতঙ্কিত হয়েই এই আক্রমণ বলে তিনি উল্লেখ করেন।

কলকাতার একটি হাসপাতালে আহত দলীয় কর্মিদের দেখতে যান সুকান্তবাবু।

রাজ্যের বিভিন্ন জায়গায় পুলিশ বিজেপি কর্মীদের ব্রিগেডের সভায় আসতে বাধা দিয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি বলেন, শাসক দলের হামলার দলের অন্ততঃ ১২ জন কর্মী আহত হয়েছেন।

এদিকে গতকাল সাংবাদিক বৈঠকে মন্ত্রী শশী পাঁজা বলেন, নজিরবিহীনভাবে রাজ্যের মন্ত্রীর উপর হামলা হয়েছে। মহিলারাও হামলা থেকে বাদ যাচ্ছেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং আধুনিক পরিকাঠামো, বিকশিত বাংলার ভিত্তি স্থাপন করবে। গতকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ড থেকে ১৮ হাজার ৭০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন তিনি। এর মধ্যে রয়েছে সড়ক পরিবহণ, রেল, বন্দর ও জাহাজ চলাচল ইত্যাদি একাধিক প্রকল্প। এই কর্মসূচি পূর্ব ভারত ও পশ্চিমবঙ্গের উন্নয়নের নতুন অধ্যায় সূচনা করবে  বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী। **প্রশাসনিক সভার** মঞ্চ থেকে তিনি বলেন, এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে এবং লক্ষ লক্ষ মানুষের জীবনযাত্রা আরও সহজ হবে।
প্রধানমন্ত্রী বলেন, পূর্ব ভারতের বন্দর এবং জলপথের সম্ভাবনাকে কাজে লাগিয়ে, বাণিজ্য, শিল্প ও পর্যটনের নতুন দিগন্ত খুলে দেওয়ার চেষ্টা চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল স্তরের ‘মাই ভারত বাজেট-কোয়েস্ট’ বিজয়ীদের সঙ্গে মতবিনিময় করবেন। উন্নত ভারত গড়ে তোলার লক্ষ্যে এবারের কেন্দ্রীয় বাজেট নিয়ে যুব শক্তির আলোচনা এবং মতবিনিময়ের উদ্যোগ, এই কোয়েস্ট ।  অর্থনীতির বিভিন্ন পরিকল্পনায় যুব সম্প্রদায়ের অংশ গ্রহণ নিশ্চিত করাই এর উদ্দেশ্য। এই কর্মসূচীতে ১২ লক্ষের’ও বেশী যুবক যুবতী সামিল হয়েছেন। তাঁরা ৪৭ হাজার নিবন্ধ অনলাইনে জমা দিয়েছেন।
এবারের কেন্দ্রীয় বাজেটকে যুবশক্তি-চালিত বাজেট বলে স্বীকৃতি দেওয়া হয়েছে। এই  বাজেটে শিক্ষা, দক্ষতা বিকাশ, শিল্পোদ্যোগ ও উদ্ভাবনের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ অসমের গুয়াহাটিতে বেশ কয়েকটি ক্যান্সার গবেষণা ও চিকিৎসা কেন্দ্রের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।  উপস্থিত ছিলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা এবং স্বাস্থ্যমন্ত্রী অশোক সিঙ্ঘল, সাংসদ বিজুলী মেঘি, বিধায়ক রামেন্দ্র নারায়ণ কলিতা সহ বহু বিশিষ্ট ব্যাক্তি। স্বরাষ্ট্রমন্ত্রী লচিত বরফুকন, বীর চিলারাই এবং মহারাজ পৃথুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, বিগত কয়েক দশকে কংগ্রেসের অসমের স্বাস্থ্য ক্ষেত্রে কোনও

উল্লেখযোগ্য পরিবর্তন আনতে ব্যর্থ হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা অসমে বেশ কয়েকটি সরকারী মেডিকেল কলেজ নির্মাণ করে স্বল্প খরচে চিকিৎসা বিজ্ঞান পড়ার ব্যবস্থা করেছে। আসামেই প্রথম সরকারী হাসপাতালে প্রোটন থেরাপী চালু হলো বলে তিনি উল্লেখ করেন।

(বাইট – অমিত শাহ)

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ গুয়াহাটিতে ২৯০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস এবং সূচনা করেন ।

oooooooooooooooooooo

নেপালের গোর্খা জেলায় গত সন্ধ্যায় এক পথ দুর্ঘটনায় কমপক্ষে ৭ ভারতীয় তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে। বেশ কয়েকজন আহত হয়েছে বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা গেছে, এক মাইক্রো ইলেক্ট্রিক বাসে করে ১৪ জন ভারতীয় সহ ১৬ জন তীর্থযাত্রী মনোকামনা মন্দির থেকে ফেরার পথে শহীদ লাখান গ্রামীণ পুরসভার কাছে কান্তার সড়কে দুর্ঘটনায় পড়ে এবং বাসটি খাদে পড়ে যায়।

oooooooooooooooooooooo

বিদেশমন্ত্রী ডক্টর সুব্রমণীয়ম জয়শঙ্কর আজ দু-দিনের সফরে বেলজিয়াম রওনা হবেন। তিনি ইউরোপীয় ইউনিয়নের ভাইস প্রেসিডেন্ট কায়া কালাসের আমন্ত্রণে ব্রাসেলস্ যাচ্ছেন। সফরকালে তিনি ইউরোপীয় ইউনিয়নের ২৭-টি সদস্য দেশের বিদেশমন্ত্রীদের সঙ্গে বৈঠক করবেন। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, ডক্টর জয়শঙ্কর ভারত – ইউরোপীয় ইউনিয়নের পারস্পরিক সহযোগিতা জোরদার করতে এই বৈঠকগুলি করবেন।

oooooooooooooooooooooo

ঝাড়খন্ডের কুন্তি জেলায় নিষিদ্ধ পিপলস্ লিবারেশন ফ্রন্ট অফ ইন্ডিয়ার ৬ জন জঙ্গীকে পুলিশ গ্রেফতার করেছে। জেলার পুলিশ সুপার মণীশ কুমার জানিয়েছেন, নির্দিষ্ট সূত্রে খবর পেয়ে তাজনা নদীর কাছে অভিযান চালিয়ে এই অভিযুক্তদের গ্রেফতার করা হয়। ঘটনাস্থল থেকে প্রচুর অস্ত্রশস্ত্র, মোবাইল ফোন, দুটি গাড়ি বাজেয়াপ্ত করা হয়েছে। জঙ্গিরা একাধিক ব্যবসায়ী এবং কন্টাক্টরদের হুমকি দিয়ে টাকা তুলতো এবং বহু অপরাধমূলক কাজের সাথেও যুক্ত বলে পুলিশ জানিয়েছে।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক বলেছে, যে সব বাড়িতে পাইপকৃত গ্যাস এবং রান্নার গ্যাস সিলিন্ডার উভয়েই রয়েছে, তাদেরকে অবিলম্বে LPG কানেকশন ছেড়ে দিতে হবে। মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, PNG কানেকশন যে সব বাড়িতে রয়েছে তারা ডিস্ট্রিবিউটরদের কাছে গিয়ে LPG সিলিন্ডার কিনতে পারবেন না। বিবৃতিতে আরও বলা হয়েছে, PNG কানেকশন যাদের আছে ভবিষ্যতে তারা LPG কানেকশন পাবেন না।

তেল বিপণন সংস্থাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে, পাইপ লাইন গ্যাস যাদের বাড়িতে আছে তাদের যেন নতুন LPG কানেকশন সরবরাহ না করা হয়।

oooooooooooooooooooooo

রান্নার গ্যাস বুকিং-এর ক্ষেত্রে অযথা আতঙ্কিত হয়ে ডিস্ট্রিবিউটরদের দোকানের সামনে ভিড় না করতে সাধারণ মানুষের কাছে আবেদন রেখেছে কেন্দ্র। পেট্রোলিয়াম মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা আবারো বলেছেন, শহরাঞ্চলে ২৫দিন পর এবং গ্রামাঞ্চলে ৪৫ দিন পর সিলিন্ডার বুক করা যাবে। ফোন মারফত বা অন্যান্য ডিজিটাল পন্থায় বুকিং এর কাজ করলেই হবে।

(বাইট -সুজাতা শর্মা)

oooooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তাঁর দেশ ইরানের খার্গ দ্বীপে আবারও সামরিক অভিযান চালাতে পারে। এদিকে, মার্কিন বাহিনীর গত শুক্রবারের হামলার পর তেহরান পাল্টা প্রতিশোধের হুঁশিয়ারি দিয়েছে। এক মার্কিন সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প দাবি করেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানে খার্গ দ্বীপের বেশিরভাগ অংশ ধ্বংস হয়েছে। ট্রাম্প জানান, ইরান আলোচনায় আগ্রহী হলেও শর্তগুলো এখনও গ্রহণযোগ্য নয়। তিনি তেলের দাম বাড়ার আশঙ্কা উড়িয়ে দিয়ে বলেন, প্রচুর তেল ও গ্যাস মজুত রয়েছে, সরবরাহ ব্যবস্থাও শীঘ্রই স্বাভাবিক হবে।

oooooooooooooooooooo

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন 'CBSE' পশ্চিম এশিয়ায় আগামীকাল থেকে আগামী মাসের ১০ তারিখ পর্যন্ত দ্বাদশ শ্রেণীর নির্ধারিত পরীক্ষাগুলি বাতিল করেছে।

বোর্ড আরও জানিয়েছে, চলতি মাসের ১ তারিখ থেকে ৯ তারিখের মধ্যে নির্ধারিত যে পরীক্ষাগুলি পূর্বেই স্থগিত করা হয়েছিল, সেগুলিও বাতিল বলে গণ্য হবে।

পশ্চিম এশীয় অঞ্চলের দ্বাদশ শ্রেণীর পরীক্ষার্থীদের ফলাফল নির্ণয়ের পদ্ধতির বিষয়ে যথাসময়ে আলাদাভাবে জানিয়ে দেওয়া হবে বলে CBSE জানিয়েছে।